



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

ক্রমিক নং	বিবরণ
০১	উপবৃত্তি
০২	টিউশন ফি
০৩	অন্যান্য সুবিধাদি
০৪	সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
০৫	অন্যান্য
০৬	অন্যান্য
০৭	অন্যান্য
০৮	অন্যান্য
০৯	অন্যান্য
১০	অন্যান্য



উপবৃত্তির আবেদন এন্ড্রির বিজ্ঞপ্তি


বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২৩-২৪ শিক্ষাবর্ষের ১১শ ও সমমান শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের উপবৃত্তি, টিউশন ফি এবং অন্যান্য সুবিধাদি প্রদানের লক্ষ্যে শিক্ষার্থীদের নিকট হতে আবেদন আহ্বান, তথ্য এন্ড্রির সময়সূচি ও নির্দেশনা।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উচ্চ মাধ্যমিক এবং সমপর্যায়ে ২০২৩-২৪ শিক্ষাবর্ষের ১১শ ও সমমান শ্রেণিতে ভর্তিকৃত ও অধ্যয়নরত আর্থিকভাবে অসচ্ছল পরিবারের উপবৃত্তি প্রাপ্তিরযোগ্য শিক্ষার্থীদের উপবৃত্তি, টিউশন ফি ও অন্যান্য সুবিধাদি প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত সময়সূচি ও নির্দেশনা অনুসারে শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে HSP-MIS সফটওয়্যারে আবেদন এন্ড্রির জন্য আহ্বান করা যাচ্ছে:

- শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বাছাইকৃত/যোগ্য শিক্ষার্থীদের তথ্য HSP-MIS সফটওয়্যারে অনলাইনে এন্ড্রি শুরু করার তারিখ ও সময়: ২১ নভেম্বর ২০২৩ খ্রি. সকাল ০৯.০০ টা।
- শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সফটওয়্যারে এন্ড্রিকৃত তথ্য সংশ্লিষ্ট USEO/TSEO এর নিকট অনলাইনে প্রেরণের সর্বশেষ তারিখ: ১২ ডিসেম্বর ২০২৩ খ্রি. রাত ১২.০০ টা।
- USEO/TSEO এর নিকট প্রেরিত তালিকা বিবেচনার জন্য গঠিত উপজেলা/মেট্রো এলাকার কমিটির সুপারিশের ভিত্তিতে যোগ্য শিক্ষার্থীদের তালিকা অনলাইনে HSP/PMEAT-তে প্রেরণের সর্বশেষ তারিখ: ১৯ ডিসেম্বর ২০২৩ খ্রি. রাত ১২.০০ টা।
- বর্ণিত নির্ধারিত সময়ের পরে কোন শিক্ষার্থীর তথ্য এন্ড্রি বা শিক্ষা প্রতিষ্ঠান হতে USEO/TSEO অথবা HSP/PMEAT-তে প্রেরণ করা যাবে না।
- বর্ণিত নির্ধারিত সময়সীমা পরবর্তীতে বর্ধিত করা হবে না।

উপবৃত্তির জন্য আবেদন এন্ড্রি সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ওয়েবসাইট www.pmeat.gov.bd এবং HSP-MIS সফটওয়্যারের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

উপবৃত্তি সংক্রান্ত হেল্পলাইন: ০১৩১৬৬৫৮২৩০, ০১৩১৬৬৫৮৫২৯ (অফিস চলাকালীন সকাল ০৯.০০টা থেকে বিকাল ০৪.০০টা পর্যন্ত)।


মোহাম্মদ আসাদুল হক
ক্ষিম পরিচালক (যুগ্মসচিব)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি

বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ের যোগাযোগ/০৪/২০২০ (অংশ-১)/৩১৩

তারিখ: ২০.১১.২০২০ খ্রি.

বিষয়: উচ্চ মাধ্যমিক পর্যায়ে ১১শ ও আলিম ১ম বর্ষের ২০২০-২৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের উপবৃত্তির আবেদনের বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশ।

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২০-২৪ শিক্ষাবর্ষের ১১শ ও আলিম ১ম বর্ষের ভর্তিকৃত শিক্ষার্থীদের উপবৃত্তি, টিউশন ফি ও অন্যান্য সুবিধা প্রদানের লক্ষ্যে শিক্ষার্থীদের তথ্য HSP-MIS সফটওয়্যারে এন্ট্রি সংক্রান্ত একটি বিজ্ঞপ্তি বিভিন্ন জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হয়েছে। উক্ত বিজ্ঞপ্তি বহল প্রচারের লক্ষ্যে সংশ্লিষ্ট সরকারী প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রদর্শন করা প্রয়োজন।

উক্ত বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের জন্য আপনার আওতাধীন দপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বিজ্ঞপ্তি ০১ (এক) পাতা।

বিতরণ:

- ১। জেলা প্রশাসক, সকল জেলা।
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।

অনুলিপি:

- ১। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।

(মোহাম্মদ আসাদুল হক)

স্কিম পরিচালক (যুগ্মসচিব)

ফোন: ০২-৫৫০০২০৭৩

ই-মেইল: hsp@pmeat.gov.bd